# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ১৩.০৮.২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খান মোঃ রেজা-উন-নবী, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ১৩ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ, সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| **২.১** | **২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রণয়ন বিষয়ক আলোচনা** | সচিব বলেন, চলতি ২০২৫-২৬ অর্থবছরের খসড়া বাজেট প্রনয়ণের লক্ষ্যে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ১৬.০৭.২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। সিলেট সিটি কর্পোরেশনের প্রকৃত আয়, উন্নয়ন বরাদ্দ এবং গত অর্থবছরের বাজেটের সাথে সামঞ্জস্যপূর্বক চলতি অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রস্তুত করা হয়েছে। সিলেট সিটি কর্পোরেশনের গত ২০২৪-২৫ অর্থবছরের বাজেট ছিল ৬৬৪ কোটি ৬৭ লক্ষ ৩০ হাজার টাকা। ২০২৫-২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ৬৫৪ কোটি ৫৪ লক্ষ ৬৩ হাজার টাকা। অর্থাৎ গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে ১০ কোটি ১২ লক্ষ ৬৭ হাজার টাকা কম বাজেট প্রস্তুত করা হয়েছে।<br><br>তিনি প্রস্তাবিত বাজেটের প্রধান প্রধান খাতসমূহ নিম্নক্তোভাবে উপস্থাপন করেন:<br><br>করসমূহ (ইমারত ও জমির উপর কর, ময়লা অপসারণ কর, সড়ক বাতি কর, পানি কর, সম্পত্তি হস্তান্তর কর, বিজ্ঞাপন কর, ট্রেড লাইসেন্স, বিভিন্ন নবায়ন ফি) ১০৫২৪.৫০ লক্ষ, অনুদান (বেতন বাবদ সহায়তা, বিশেষ অনুদান, প্রাথমিক স্বাস্থ্য সেবা বাবদ সহায়তা) ৩৭০ লক্ষ, অন্যান্য রাজস্ব (জলমহাল/পুকুর ইজারা, মার্কেট/দোকান ভাড়া, বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ, মেশিন ও সরঞ্জামাদি ভাড়া, | (ক) ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন করা হলো।<br><br>(খ) বিধি মোতাবেক প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পার্ক হতে আয়, সনদপত্র ফি, পশু জবাই ফি, ঘাট ইজারা, টার্মিনাল ইজারা) ১২১১.৭৫ লক্ষ, অন্যান্য রাজস্ব (পানি শাখা) (গভীর নলকূপ ব্যবহারের অনুমোদন ফি, পানির লাইন সংযোগ, পুন: সংযোগ ফি, সড়ক খনন ফি, পানি ও পয়:নিষ্কাশন ব্যবস্থা চার্জ, ফরম বিক্রয়) ১৬৭১.১০ লক্ষ, রাজস্ব হিসাব হতে স্থানান্তরিত ৫৫.৯৬ লক্ষ, রাজস্ব হিসাব (পানি শাখা) হতে স্থানান্তরিত ১১.৩১ লক্ষ, উন্নয়ন অনুদান ৩৯৯১৩.৬৩ লক্ষ, অন্যান্য আদায় ৫০০.০০ লক্ষ, সাসপেন্স একাউন্ট ২০০০.০০ লক্ষসহ সর্বমোট প্রাপ্তি ৬৫৪৫৪.৬৩ লক্ষ টাকা।<br><br>তাছাড়া তিনি আরও বলেন, রাজস্ব ব্যয় (সাধারণ সংস্থাপন, শিক্ষা ব্যয়, স্বাস্থ্য, পরিচ্ছন্নতা, সড়ক বাতি, সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন, বিবিধ) ১৩২৬২.৩৫ লক্ষ, রাজস্ব (পানি শাখা) ব্যয় (সাধারণ সংস্থাপন, বিদ্যুৎ বিল, পাম্প হাউজ, নলকূপ ও পাইপ লাইন) ১৭২৪.৯৩ লক্ষ, উন্নয়ন ব্যয় (সিটি কর্পোরেশন ও নন ডিপিপি অর্থায়নে অর্থায়নে প্রকল্প, উন্নয়নে অংশীদারী অর্থায়নে প্রকল্প, অন্যান্য রাজস্ব আদায়ে ব্যয়, ঠিকাদারের নিরাপত্তা জামানত ব্যয়) ৫০৪৬৭.৩৫ লক্ষসহ সর্বমোট ব্যয় ৬৫৪৫৪.৬৩ লক্ষ টাকা।<br><br>সভাপতি এবং সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ প্রস্তাবিত বাজেটের প্রতিটি খাতে সংস্থানকৃত অর্থের আলোচনা ও পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.২ | **দক্ষিণ সুরমা কেন্দ্রীয় বাস টার্মিনালের ২০২৪-২৫** | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, দক্ষিণ সুরমা কেন্দ্রীয় বাস ট্যার্মিনাল এর ২০২৪-২৫ অর্থবছরের ইজারাদার শেখ সেলিম আহমদ এর ২১.০৫.২০২৫ | অধিকতর আলোচনার জন্য বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | **অর্থবছরের ইজারাদার শেখ সেলিম আহমদের ২১.০৫.২০২৫ তারিখের ১ মাস ১৩ দিন (৪৪ দিন) এর ইজারামূল্য ফেরত প্রদান আবেদন বিষয়ে করণীয় সংক্রান্ত আলোচনা** | তারিখের ০১ মাস ১৩ দিন (৪৪ দিন) এর ইজারামূল্য ফেরত প্রদানের আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নিম্নরুপ:<br><br>১. ২০২৪-২৫ অর্থবছরের ০১.০৭.২০২৪ হতে ৩০.০৬.২০২৫ পর্যন্ত ১ বছর মেয়াদে ৫ম নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতা ৯৭,৫০,০০০ টাকা ইজারামূল্যে শেখ সেলিম আহমদকে ইজারা প্রদান করা হয়।<br><br>২. ০২.০৭.২০২৪ তারিখে TEC কমিটির সুপারিশ অনুসারে ০৯.০৭.২০২৪ তারিখে ভ্যাট আইটির টাকা জমা করে ইজারা চুক্তি সম্পাদনের পত্র দেয়া হয়। ইজারা চুক্তি ৩১.০৭.২০২৪ তারিখে সম্পাদন করা হয়। গত ১৪.০৮.২০২৪ তারিখে দখল বুঝিয়ে দেয়া হয়।<br><br>৩. ইজারাদার ২০.০৪.২০২৫ তারিখ ও ২১.০৫.২০২৫ তারিখে বিলম্বে ইজারাস্থান সমঝিয়ে দেয়ার জন্য ১মাস ১৩ দিনের ক্ষতিপূরণ দাবী করে আবেদন করেন।<br><br>৪. সিলেট সিটি কর্পোরেশন এর বাস-ট্রাক টার্মিনাল, পাবলিক টয়লেট ইজারার আলাদা কোন নীতিমালা না থাকায় 'সরকারী হাট বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১' এবং 'হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভুত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা, ২০০৩' অনুসরণ পূর্বক ইজারা কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।<br><br>৫. সরকারী হাট বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১ এর অনুচ্ছেদ ৩.৬ | | |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এ বর্ণিত আছে- "হাট-বাজার ইজারা প্রদানের পর ইজারামল্য গ্রহণান্তে, কোন কারণে ইজারাদারকে যথাসময়ে হাট-বাজার হস্তান্তর করা সম্ভব না হলে অথবা হস্তান্তরের পর আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদার টোল আদায়ে বিরত থাকিতে বাধ্য হইলে, টোল আদায় হইতে বিরত থাকাকালীন সময়ের জন্য, মোট ইজারামূল্যের আনুপাতিকহারে অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা যাইবে।"<br>৬. সে অনুযায়ী দখল সমঝিয়ে দেয়ার বিলম্ব হওয়ার ১ মাস ১৩ দিন অর্থাৎ ৪৪ দিনের ইজারামূল্যের সমান অর্থ ফেরত প্রদান করা যেতে পারে।<br>৭. ১ বছর বা ৩৬৫ দিনের ইজারামূল্য ৯৭,৫০,০০০/- (সাতান্নব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হিসেবে প্রতিদিনের আনুপাতিক ইজারামূল্য (৯৭,৫০,০০০÷৩৬৫) = ২৬,৭১২ (ছাব্বিশ হাজার সাতশত বার) টাকা। এবং ৪৪ দিনের আনুপাতিক ইজারামূল্য (২৬,৭১২*৪৪) = ১১,৭৫,৩২৮ (এগার লক্ষ পঁচাত্তর হাজার তিনশত আটাশ) টাকা।<br>বিস্তারিত আলোচনান্তে বিস্তর তথ্যাদিসহ পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.৩ | **জন্ম মৃত্যু নিবন্ধনের বিষয়ে টিম গঠন সংক্রান্ত আলোচনা।** | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশন ৪২টি ওয়ার্ডের ৬টি জোনে জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম চালু রয়েছে। জন্ম-মৃত্যু নিবন্ধনের এসডিজির বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের অর্জন সন্তোষজনক নয়। এসডিজির (SDG) বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ০ থেকে ১ বছরের নীচের শিশুদের শতকরা ৮০ ভাগ অর্জন করার | (ক) এসডিজির (SDG) বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ০ থেকে ১ বছরের নীচের শিশুদের জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডে স্বাস্থ্য শাখার ২জন কর্মীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করে অফিস আদেশ দিতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা থাকলেও সিলেট সিটি কর্পোরেশন তা অর্জন করতে পারছে না। জরুরী ভিত্তিতে উক্ত লক্ষমাত্রায় পৌঁছানোর জন্য নিম্ন পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:<br><br>(ক) বর্তমানে ইপিআই কার্যক্রমে শিশুদের টিকাদান কর্মসূচি অনলাইনে রেজিষ্ট্রেশনের মাধ্যমে পরিচালিত হচ্ছে। অনলাইন রেজিষ্ট্রেশন ০ থেকে ১ বছরের শিশুদের তথ্য সংগ্রহ/ বিদ্যমান আছে। জন্মনিবন্ধনের জন্য উক্ত তথ্য ৪২টি ওয়ার্ডের ওয়ার্ড সচিবগণ এবং বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মীদের সহযোগিতার মাধ্যমে ওয়ার্ডভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উদ্দিষ্ট শিশুদের সকল তথ্য বিশেষ সহযোগিতায় আসতে পারে।<br><br>(খ) উদ্দিষ্ট জন্ম নিবন্ধন রেজিষ্ট্রেশন সম্পন্ন করার জন্য অতিরিক্ত জনবল প্রদানপূর্বক লক্ষ্যমাত্রা অর্জন এবং কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে একটি কমিটি গঠন করে পরবর্তী কার্যক্রম পরিচালনা করা যেতে পারে।<br><br>(গ) ইপিআই (EPI) অনলাইন রেজিস্ট্রেশন বহি থেকে তথ্য সংগ্রহের জন্য রেজিষ্টার বহির ফটোকপি ও দায়িত্বপ্রাপ্ত কর্মীদের যাতায়াত ভাতাসহ আনুষাঙ্গিক ব্যয় প্রদান করা যেতে পারে।<br><br>বিস্তারিত আলোচনান্তে ০ থেকে ১ বছরের শিশুদের অনলাইন রেজিষ্ট্রেশন ত্বরান্বিত করার লক্ষ্যে ইন্টারনেট বিল ও যাতায়াত ভাতা প্রদানের শর্তে প্রতিটি ওয়ার্ডে স্বাস্থ্য শাখার ২ জন কর্মীকে অতিরিক্ত দায়িত্ব এবং মনিটরিং টিম গঠনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | (খ) প্রতিটি ৩টি ওয়ার্ডে জন্ম নিবন্ধন কার্যক্রম মনিটরিং করার জন্য ১ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।<br><br>(গ) প্রতিটি ওয়ার্ডে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মচারিকে ইন্টারনেট বিল ও যাতায়াত ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | **আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিস প্রদানের** | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বলেন, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিস ডেলিভারি প্রজেক্টের মেয়াদ | প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার নিমিত্ত মন্ত্রণালয়ের শর্ত প্রতিপালন সাপেক্ষে | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | জন্য সংশ্লিষ্ট এনজিওর সহিত চুক্তিপত্র (MOU) সম্পাদন সংক্রান্ত আলোচনা। | ৩০.০৬.২০২৫ তারিখ শেষ হয়েছে। পরবর্তীতে মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালনা অফিসের নির্দেশনা মোতাবেক শর্ত সাপেক্ষে বিদ্যমান এনজিও প্রতিষ্ঠানের মাধ্যমে কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>এমতাবস্থায়, ০১.০৭.২০২৫ হতে ৩১.১২.২০২৫ পর্যন্ত বিদ্যমান এনজিও সীমান্তিকের সাথে উল্লেখিত শর্ত সাপেক্ষে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষের সাথে সমঝোতা স্বাক্ষর সম্পাদন করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন মর্মে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভার দৃষ্টি আকর্ষণ করেন। সিলেট মহানগরের নাগরিকদের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সিলেট সিটি কর্পোরেশনের দায়িত্ব। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার নিমিত্ত মন্ত্রণালয়ের শর্ত প্রতিপালন সাপেক্ষে বিদ্যমান এনজিও সীমান্তিকের সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। | সীমান্তিকের সাথে চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্পোরেশন |
| ২.৪ | আম্বরখানা থেকে টুকেরবাজার পর্যন্ত (সুনামগঞ্জ রোড) ডিভাইডারে বৃক্ষরোপণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান সংক্রান্ত আলোচনা | তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন, আম্বরখানা থেকে টুকেরবাজার পর্যন্ত (সুনামগঞ্জ রোড) ৬১৫০ মিটার ডিভাইডারে সৌন্দর্য্য বর্ধনের নিমিত্ত বৃক্ষরোপণ প্রয়োজন। বিভিন্ন প্রতিষ্ঠান হতে বরাদ্দ প্রদানের জন্য আবেদন করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে আবেদনগুলো যাচাই বাছাইপূর্বক বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদনগুলো যাচাই বাছাইপূর্বক বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন |
| ২.৫ | বেতন বৃদ্ধির জন্য আবেদন সংক্রান্ত আলোচনা। | সচিব বলেন, সরকার বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের আওতায় 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫ অনুসরণে অর্থ বিভাগ থেকে ২২ মে ২০২৫ তারিখে 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ | (ক) শ্রমিকের মজুরির হার পুন:নির্ধারণ সংক্রান্ত পরিপত্র, সিলেট সিটি কর্পোরেশনের বর্তমান রাজস্ব আয়, বিগত ২০১৯, ২০২১ ও ২০২৩ সালে মজুরি পুন:নির্ধারণের গতি প্রকৃতি, সিলেটে বসবাসরত মানুষের আর্থ-সামাজিক | সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | নীতিমালা, ২০২৫' এর আওতায় শ্রমিকের মজুরির হার পুন:নির্ধারণ সংক্রান্ত পরিপত্র জারি করা হয়। উক্ত পরিপত্রের আলোকে সিলেট সিটি কর্পোরেশনে দৈনিক ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের মজুরির হার পুণ:নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়েছে। গত ২৭/০৭/২০২৫ তারিখে গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়। কমিটি সরকার কর্তৃক জারিকৃত 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫, 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫' এর আওতায় শ্রমিকের মজুরির হার পুন:নির্ধারণ সংক্রান্ত পরিপত্র, সিলেট সিটি কর্পোরেশনের বর্তমান রাজস্ব আয়, বিগত ২০১৯, ২০২১ ও ২০২৩ সালে মজুরি পুন:নির্ধারণের গতি প্রকৃতি, সিলেটে বসবাসরত মানুষের আর্থ-সামাজিক পরিস্থিতি, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জীবনযাত্রার ব্যয় এবং Chain of Command নিশ্চিতের নিমিত্ত পদসোপান ভিত্তিক মজুরি প্রাপ্তির বিষয়গুলো বিবেচনা করে প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br><br>কমিটির সকল সদস্যের মতামত পর্যালোচনা, অন্যান্য সিটি কর্পোরেশনের তথ্যাদি যাচাই ও পর্যালোচনা, সরকার কর্তৃক জারিকৃত 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫, 'দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫' এর আওতায় শ্রমিকের মজুরির হার পুন:নির্ধারণ সংক্রান্ত পরিপত্র, সিলেট সিটি কর্পোরেশনের বর্তমান রাজস্ব আয়, বিগত ২০১৯, ২০২১ ও ২০২৩ সালে মজুরি পুন:নির্ধারণের গতি প্রকৃতি, সিলেটে বসবাসরত মানুষের আর্থ-সামাজিক পরিস্থিতি, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জীবনযাত্রার ব্যয় এবং | পরিস্থিতি, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জীবনযাত্রার ব্যয় এবং chain of command নিশ্চিতের নিমিত্ত সর্বসম্মতিক্রমে পূর্বের ন্যায় ১০০/-(একশত টাকা) এবং সুইপারদের ১৬৩/- টাকা হতে ২০০/-, ঝাড়ুদার, জমাদার, স্তুপিকৃত পরিস্কারকারী, নর্দমা পরিস্কারকারী, স্তুপ উঠানোকারীদের মাসে ১০০০/- (এক হাজার) টাকা বৃদ্ধি করে সর্বমোট ২১৭৪ জন কর্মচারীর দৈনিক মজুরি পুন:নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) পুন:নির্ধারিত হারে জুলাই ২০২৫ হতে কর্মচারীদের দৈনিক মজুরি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | chain of command নিশ্চিতের নিমিত্ত সর্বসম্মতিক্রমে পূর্বের ন্যায় ১০০/-(একশত টাকা) এবং সুইপারদের ১৬৩/- টাকা হতে ২০০/-, ঝাড়ুদার, জমাদার, স্তুপিকৃত পরিষ্কারকারী, নর্দমা পরিষ্কারকারী, স্তুপ উঠানোকারীদের মাসে ১০০০/-(এক হাজার) টাকা বৃদ্ধি করে সর্বমোট ২১৭৪ জন কর্মচারীর দৈনিক মজুরি পুন:নির্ধারণের প্রস্তাব করা হয়েছে।<br><br>বিস্তারিত আলোচনান্তে বিগত ২০১৯, ২০২১ ও ২০২৩ সালে মজুরি পুন:নির্ধারণের গতি প্রকৃতি, সিলেটে বসবাসরত মানুষের আর্থ-সামাজিক পরিস্থিতি, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জীবনযাত্রার ব্যয় এবং Chain of Command নিশ্চিতের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.৬ | **বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৪-২৫ অনুমোদন সংক্রান্ত আলোচনা** | স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী কর্পোরেশন প্রত্যেক বছর সরকার কর্তৃক নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে কর্পোরেশনের কার্যক্রমের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করবে এবং পরবর্তী অর্থবছরের ২০ সেপ্টেম্বরের মধ্যে উহা প্রকাশ করবে মর্মে উল্লেখ রয়েছে। সে অনুযায়ী সিলেট সিটি কর্পোরেশনের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৪-২৫ অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত পোষণ করেন। | সিলেট সিটি কর্পোরেশনের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

৩। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খান মোঃ রেজা-উন-নবী
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.১৪৫৯ তারিখ: ১৩.০৮.২০২৫ খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ ইলিয়াস আহম্মেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট গণপূর্ত সার্কেল, সিলেট।
৩. জনাব মোঃ শফিকুল ইসলাম ভূঞা, উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট।
৪. জনাব মাসউদ রশীদ, জেএসডিও, সিলেট সার্কেল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৫. ডাঃ মোঃ নূরে আলম শামীম, সহকারী পরিচালক, স্বাস্থ্য বিভাগ, সিলেট।
৬. জনাব মোহাম্মদ নাজমুল আলম, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট।
৭. জনাব মোহাম্মদ রমজান আলী, সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক সার্কেল, সিলেট।
৮. জনাব মোঃ হাসিবুর রহমান, সহকারী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
৯. জনাব এ কে এম সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট।
১০. জনাব মোঃ ফারুক আহমদ, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১১. জনাব মুঃ মাসুদ রানা, পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি, সিলেট।
১২. শাখা প্রধান, ............................ (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪. ১৪৫৯ তারিখ: ১৩.০৮.২০২৫ খ্রি.

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

১৩/০৮/২০২৫

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ফোন: ২৯৯৬৬-৩৩৩৮১
ই-মেইল: ceo@scc.gov.bd